

যুগান্তর

ইবির দুই শিক্ষার্থীর ওপর বহিরাগতদের হামলা

👤 ইবি প্রতিনিধি

🕒 ১৪ মার্চ ২০২৩, ১১:০৪:১৮ | [অনলাইন সংস্করণ](#)



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দুই শিক্ষার্থীকে মারধরের অভিযোগ স্থানীয় কয়েকজনের বিরুদ্ধে। সোমবার সন্ধ্যায় ক্যাম্পাসসংলগ্ন শেখপাড়া বাজারে তাদের মারধর করা হয় বলে জানা গেছে।

হামলার শিকার ওই দুই শিক্ষার্থীরা হলেন— ব্যবস্থাপনা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের মোহাম্মাদ হাসান জিসাদ ও ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের একই বর্ষের মেহেদী হাসান সুপ্ত। পরে দুই শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে নেওয়া হয়। পরে সেখান থেকে তাদের কুষ্টিয়া সদর হাসপাতালে পাঠানো হয়।

এ ঘটনার জেরে সন্ধ্যা ৬টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সংলগ্ন খুলনা-কুষ্টিয়া মহাসড়ক অবরোধ করেন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এতে প্রায় দুইশতাধিত শিক্ষার্থী অংশ নেন। এ সময় তারা মহাসড়কে ইট ফেলে ও টায়ার জালিয়ে বিক্ষোভ করেন।

অবশেষে রাত ৯টার দিকে কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (বিশেষ শাখা) ফরহাদ হেসেন ও কুষ্টিয়া জেলা পরিদর্শক (ডিবি) সাব্বিরুল আলম ঘটনাস্থলে উপস্থিত হয়ে জড়িতদের রাতের মধ্যে গ্রেফতার ও অপরাধীদের শাস্তির আওয়ায় আনার আশ্বাস দিলে রাত ১০টায় আন্দোলন প্রত্যাহার করেন শিক্ষার্থীরা।

পরে রাত সাড়ে ১০টার দিকে আন্দোলনকারীরা ভিসির বাসভবন ভিসির সঙ্গে দেখা করেন। এ সময় তারা তাদের দাবি তুলে ধরেন। পরে প্রশাসনের পক্ষ থেকে মঙ্গলবারের মধ্যে অভিযুক্তদের গ্রেফতার, মামলা করা ও নিরাপদ ক্যাম্পাস নিশ্চিতের জন্য দৃশ্যমান পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেওয়া হয়।

ভুক্তভোগী সুপ্তর ভাষ্যমতে, সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয় লেকে তিনি বান্ধবীর সঙ্গে বসেছিলেন। সেখানে বহিরাগত স্থানীয় দুই যুবক বান্ধবীসহ তার ভিডিও ধারণ করেন। এ সময় তাদের ভিডিও ডিলিট করতে বলা হলে তারা তাদের ওপর তেড়ে আসে। একপর্যায়ে তাদের সঙ্গে বাকবিতণ্ডা হলে বহিরাগতরা ভুক্তভোগীদের দেখে নেওয়ার হুমকি দেয়। পরে সোমবার বিকালে স্থানীয় শেখপাড়াবাজারে বাইকে তেল নিতে গেলে স্থানীয় আকাশসহ অন্তত ৪-৫ জন ভুক্তভোগীর ওপর অতর্কিত হামলা চালায়।

বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. শেখ আবদুস সালাম বলেন, পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে অভিযুক্তদের গ্রেফতার করতে। পুলিশি অভিযান চলমান রয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023